

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৩৭০৬

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَأَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهَ اصْطَفَى مِنْ الْكَلَامِ أَرْبَعًا
سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ فَمَنْ قَالَ سُبْحَانَ اللَّهِ كُتِبَ لَهُ
عِشْرُونَ حَسَنَةً وَحَطَّ عَنْهُ عِشْرُونَ سَيِّئَةً وَمَنْ قَالَ اللَّهُ أَكْبَرُ فَمِثْلُ ذَلِكَ وَمَنْ قَالَ لَا إِلَهَ
إِلَّا اللَّهُ فَمِثْلُ ذَلِكَ وَمَنْ قَالَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ مِنْ قِبَلِ نَفْسِهِ كُتِبَ لَهُ بِهَا ثَلَاثُونَ
حَسَنَةً أَوْ حَطَّ عَنْهُ ثَلَاثُونَ سَيِّئَةً

বাংলা

(৩৭০৬) আবু সাউদ খুদরী (রাঃ) ও আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ চারটি বাক্য নির্বাচিত করেছেনঃ 'সুবহানাল্লাহ', 'আলহামদু লিল্লাহ', 'লা ইলাহা ইল্লাল্লাহ' ও 'আল্লাহ আকবার'। সুতরাং যে ব্যক্তি 'সুবহানাল্লাহ' বলবে, তার জন্য ২০টি নেকি লেখা হবে এবং ২০টি গোনাহ মোচন করা হবে। যে ব্যক্তি 'আল্লাহ আকবার' বলবে, তারও অনুরূপ উপকার হবে। যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবে, তারও অনুরূপ উপকার হবে। আর যে ব্যক্তি নিজের পক্ষ থেকে 'আলহামদু লিল্লাহি রাবিল আলামীন' বলবে, তার জন্য ৩০টি নেকি লেখা হবে এবং ৩০টি গোনাহ মোচন করা হবে।

ফুটনোট

(আহমাদ ৮০১২, নাসাইর কুবরা ১০৬৭৬, হাকেম ১৮৮৬, সং তারগীব ১৫৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু সাউদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67454>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন